



## পরিচালক মন্ডলির প্রতিবেদন

সম্মানিত সদস্য-সদস্যাবৃন্দ, ৪২তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর পরিচালনা পরিষদ, ঋণদান পরিষদ, পর্যবেক্ষণ পরিষদ, উপদেষ্টা পরিষদ এবং কর্মচারীবৃন্দের পক্ষ থেকে সমবায়ী শুভেচ্ছা জানাই। মহান সৃষ্টিকর্তার কৃপায় এবং আপনাদের সকলের সহযোগিতায় ২০১৫-২০১৬ আর্থিক বছর সমাপ্ত করে ৪২তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করতে সক্ষম হয়েছি। আমরা আমাদের মেধা, শ্রম, ও আন্তরিকতার মাধ্যমে ক্রেডিটকে উন্নয়নের দিকে পরিচালিত করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। পরিচালক মন্ডলির নিরলস প্রচেষ্টায় ২০১৫-২০১৬ অর্থবছরের সমগ্র কর্মকান্ড ৪২তম বার্ষিক সাধারণ সভায় ধারাবাহিকভাবে উপস্থাপন করা হলো। আমরা প্রত্যাশা করি আপনাদের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার মাধ্যমে ৪২তম বার্ষিক সাধারণ সভা সুন্দর ও সাফল্যমন্ডিত হবে।

### ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট সদস্য সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	মোট
৩০ জুন ২০১৫	১০৬০ জন	১১৩১ জন	২১৯১ জন
নতুন ভর্তি	৩৬ জন	৩১ জন	৬৭ জন
প্রত্যাহার	১৭ জন	১১ জন	২৮ জন
৩০ জুন ২০১৬	১০৭৯ জন	১১৫১ জন	২২৩০ জন

### ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট সঞ্চয়ী হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	অন্যান্য	মোট
৩০ জুন ২০১৫	১৩৮৮ জন	১৩৪৪ জন	১২১ জন	২৮৫৩ জন
নতুন ভর্তি	৪৩ জন	৪৪ জন	৪ জন	৯১ জন
প্রত্যাহার	১৮ জন	১২ জন	০	৩০ জন
৩০ জুন ২০১৬	১৪১৩ জন	১৩৭৬ জন	১২৫ জন	২৯১৪ জন

### ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট শিশু স্কিম হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	মোট
৩০ জুন ২০১৬	১৯৯ জন	১৮৪ জন	৩৮৩ জন

### ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট দীর্ঘমেয়াদী স্কিম হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	মোট
৩০ জুন ২০১৬	২২৩ জন	১৮৬ জন	৪০৯ জন

### ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট স্থায়ী আমানত হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	অন্যান্য	মোট
৩০ জুন ২০১৬	১৩২ জন	১০২ জন	১৭ জন	২৫১ জন

### ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট দ্বিগুন মুনাফা হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	অন্যান্য	মোট
৩০ জুন ২০১৬	৪৭ জন	৪৯ জন	০১ জন	৯৭ জন

**ঢাকা সেবা বুথ:**

সদস্যদের সুবিধার্থে ও নিরাপত্তার কথা চিন্তা করে ঢাকাতে একটি সেবা বুথ চালু করা হয়েছে। মঠবাড়ী বহুমুখী সমবায় সমিতির সহযোগিতায় এবং তাদের সাথে অফিস কক্ষ শেয়ার করে এই বুথ এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই বুথ কার্যক্রম পরিচালনার জন্য একটি নীতিমালা রয়েছে এবং সেই নীতিমালা অনুসারেই এই বুথ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সপ্তাহের শনি থেকে মঙ্গলবার বিকাল ৪:০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৭:৩০ ঘটিকা পর্যন্ত বুথ খোলা থাকে।

**যে সকল সেবা সমূহ সেবা বুথে পাওয়া যাবে:**

০১. সঞ্চয়ী জমা গ্রহণ।
০২. শেয়ার জমা গ্রহণ।
০৩. ঋণের কিস্তি গ্রহণ।
০৪. সব ধরনের স্কীমের জমা গ্রহণ।
০৫. সঞ্চয়ী, সদস্য, বিভিন্ন স্কীমের ভর্তি আবেদন ফরম সরবরাহ করা।
০৬. লোণ ফরম সরবরাহ।
০৭. ঋণ আবেদন জমা গ্রহণ।
০৮. তথ্য সরবরাহ।

**কালেক্টর ও স্টাফ নিয়োগ :**

সমিতির কালেকশন ও অফিস স্টাফদের কাজের সুবিধার কথা চিন্তা করে ডিসেম্বর ২০১৫ তারিখে তিন জন কালেক্টর নেয়া হয়েছে এবং মার্চ ২০১৬ তারিখে জুনিয়র অফিসার (একাউন্টস), জুনিয়র অফিসার (ঋণ), জুনিয়র অফিসার (দৈনিক আদায়কারী) ও একজন সিনিয়র অফিসার সহ মোট চারজন অফিস স্টাফ নিয়োগ দেয়া হয়েছে।

**স্টাফ এ্যাওয়ার্ড :**

বিগত ৪ ডিসেম্বর ২০১৬ তারিখে ৪১তম বার্ষিক সাধারণ সভায় সমিতির পাঁচ জন স্থায়ী কর্মীকে স্টাফ সার্ভিস সম্মাননা দেয়া হয়েছে

নাম	পদমর্যাদা	চাকুরীর বয়স
অসিত ফ্রান্সিস গমেজ	সিনিয়র অফিসার (এডমিন)	১০ বছর
বিপ্লব ডমিনিক পেরেরা	সিনিয়র অফিসার (একাউন্টস)	১৫ বছর
মিসেস রোজী রোজলিন রোজারিও	অফিসার (লোণ)	৫ বছর
তরুণ বার্নার্ড ক্রুশ	অফিস সহকারী	১৫ বছর
সীমান্ত ফ্রান্সিস ক্রুশ	জুনিয়র অফিসার (একাউন্টস)	৫ বছর।

**প্রাক বড়দিন ও বিজয় মেলায় অংশগ্রহণ :**

মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ কর্তৃক আয়োজিত ৪ দিন ব্যাপী ১৩-১৬ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ, মঠবাড়ী মিশন মাঠে প্রাক বড়দিন ও বিজয় মেলায় বিভিন্ন প্রোডাক্ট প্রচার করা, ভর্তি ফরম বিতরণ ও বিভিন্ন সার্ভিস নিয়ে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ মেলায় অংশগ্রহণ করে সেবা প্রদান করে।

**বার্ষিক ক্যালেন্ডার ও বড়দিনের শুভেচ্ছা কার্ড ছাপানো :**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ব্যবস্থাপনায় প্রথমবারের মত সমিতির নামে ক্যালেন্ডার ছাপানো হয়েছে যা আমাদের মিশনের প্রতিটি পরিবারে দেয়া হয়েছে, বিভিন্ন সমিতিতে বিতরণ এবং সমিতির বিভিন্ন সেবা মার্কেটিং করা হয়েছে। প্রতি বছরের ন্যায় মিশনের প্রতিটি পরিবারে কার্ডের মাধ্যমে বড়দিনের শুভেচ্ছা জানানো হয়েছে। এ প্রক্রিয়া চলমান থাকবে।



## ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট মাসিক মুনাফা হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	মোট
৩০ জুন ২০১৬	৫৪ জন	৩৬ জন	৯০ জন

## ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট দ্বি-মাসিক মুনাফা হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	অন্যান্য	মোট
৩০ জুন ২০১৬	১৩৯ জন	১৬৪ জন	১ জন	৩০৪ জন

## ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত ক্রেডিটের মোট মাসিক ডিপোজিট পেনশন স্কিম হিসাবধারীর সংখ্যার তালিকা :

বিবরণ	মহিলা	পুরুষ	মোট
৩০ জুন ২০১৬	৩ জন	৫ জন	৮ জন

মৃত সদস্য-সদস্যদের নাম : বিগত ৪ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ হতে এ প্রতিবেদন প্রকাশ পর্যন্ত মোট ২১ জন সম্মানিত সদস্য-সদস্যা পরলোক গমন করেছেন, তাদেরকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করি এবং ৪২তম বার্ষিক সাধারণ সভায় সকল মৃত সদস্য-সদস্যদের আত্মার চির শান্তি কামনা করছি।

## প্রয়াত সদস্য-সদস্যদের তালিকা :

ক্রমিক নং	নাম	সদস্য নং	সঞ্চয়ী হিসাব নং	গ্রাম	মৃত্যুর তারিখ
১	ডানিয়েল গমেজ	১১৮৫	১৪০৬	দঃ ভাসানিয়া	০৮/১২/২০১৫
২	তেরেজা রোজারিও	৬০৪	১৬৬৫	বার্শ্বাড়া	১০/১২/২০১৫
৩	ইমিজ রোজারিও	২৭৫	১১০১	মাল্লা	২৩/০১/২০১৬
৪	অরুণ রোজারিও	১৯৫৯	১৯৭৫	দঃ ভাসানিয়া	৩১/০১/২০১৬
৫	অটলী পিউরীফিকেশন	০	৩১০৮	দঃ ভাসানিয়া	১৭/০২/২০১৬
৬	নির্মলা ক্রুশ	৭৩৭	১৪৭৮	বার্শ্বাড়া	১৮/০২/২০১৬
৭	এথেল কস্তা	১৯২৯	১৭১১	কুলুন	২২/০৪/২০১৬
৮	ফ্রান্সিস রোজারিও	৫৯৮	১৫৩৯	উলুখোলা	০৫/০৫/২০১৬
৯	তেরেজা গমেজ	১৭৭৬	১৮৯৯	দঃ ভাসানিয়া	২৩/০৫/২০১৬
১০	দ্রিজা গমেজ	৪০৬	২১৯০	দঃ ভাসানিয়া	২৯/০৫/২০১৬
১১	পারুল রোজারিও	০	২৮৪১	উলুখোলা	১৮/০৬/২০১৬
১২	সিলভেস্টার রোজারিও	৩১৫	১১৫৩	বার্শ্বাড়া	২২/০৬/২০১৬
১৩	শান্তি রোজারিও	৭৩১	৭৮১	তেতুইবাড়া	১১/০৭/২০১৬
১৪	আন্লা গমেজ	৯০৭	৪৬৫	উলুখোলা	২৯/০৭/২০১৬
১৫	হাসি মারিয়া রোজারিও	২৪৩	৪০২	বাগবাড়া	১৫/০৮/২০১৬
১৬	মেরী পেরেরা	৯১০	৬৩৩	বার্শ্বাড়া	০২/০৯/২০১৬
১৭	সুশীল রোজারিও	১৬৬৪	১৪৬৯	মঠবাড়া	০৪/০৯/২০১৬
১৮	পাঙ্কালিনা গমেজ	১৬৫	৪১২	মঠবাড়া	১৫/০৯/২০১৬
১৯	বিজয় রোজারিও	৫৫৭	৩৯৮	বার্শ্বাড়া	১২/১০/২০১৬
২০	আগ্লেশ রড্রিক্স	৪৫৯	৯৬৯	মাল্লা	১৩/১০/২০১৬
২১	দিলিপ ক্রুশ	০	১৪৩৬	তেতুইবাড়া	১৮/১০/২০১৬



### ডিফল্টারদের নিয়মিত করার লক্ষে গ্রাম কমিটি গঠন :

ডিফল্টারদের ঋণ নিয়মিত করার জন্য কর্মকর্তাদের সমন্বয়ে প্রতি গ্রাম থেকে একজন করে আহবায়ক ঠিক করা হয়েছে তারা প্রতি গ্রামে কয়েকজন সদস্য নিয়ে গ্রাম কমিটি গঠন করা হয়েছে। ১. মিঃ জেমস ডি' রোজারিও - উলুখোলা, ২. মিসেস পুষ্প ক্রশ - বাঁশবাড়ী, ৩. মিঃ সাগর যোসেফ ফিলিপ - কুলুন, ৪. মিঃ রকি গমেজ - তেঁতুইবাড়ী, বাগবাড়ী, পোড়াবাড়ী ও বিলখালী ৫. মিঃ রতন রোনাল্ড রিবেরু - উ: ভাসানিয়া, ৬. মিঃ বিপ্লব পিউরীফিকেশন - দ: ভাসানিয়া, ৭. মিঃ প্রবীণ গমেজ - মঠবাড়ী, ৮. মিঃ ফিলিপ চার্লস গমেজ - পারোয়ান, ৯. মিসেস সুশ্ৰী তেরেজা গমেজ - কুঁচিলাবাড়ী, ১০. মিসেস অনিতা রোজারিও - মান্না।

### ঋণ বীমা বর্ধিতকরণ :

বিগত ৪১তম বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে সদস্যদের অবশিষ্ট ঋণের উপর এর সর্বোচ্চ ২,০০,০০০.০০ টাকা পর্যন্ত বীমা সুবিধা দেয়া হবে যা পূর্বে ১,০০,০০০.০০ টাকা দেয়া হতো। সমিতি জুলাই ২০১৬ তারিখ থেকে বাস্তবায়ন শুরু হয়েছে। প্রতি ২ হাজারে ১ টাকা হারে সর্বোচ্চ ১০০.০০ টাকা প্রিমিয়াম গ্রহণ করা হয়।

### কাল্ব ট্রেনিং অংশগ্রহণ করা :

কাল্ব এর আয়োজনে লোণ ম্যানেজমেন্ট এর উপর বিগত ১৮ থেকে ২০ এপ্রিল ২০১৬ খ্রীঃ তিন দিনের একটি ট্রেনিং সমিতির পক্ষে ২ জন কর্মী অংশগ্রহণ করেন। মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর পক্ষে জুনিয়র অফিসার (একাউন্টস) মিসেস সিসিলিয়া কস্তা ও দৈনিক আদায়কারী মিস বুমুর ক্লারা গমেজ ট্রেনিং এ অংশগ্রহণ করেন।

### কাল্ব ফোরাম ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ :

বিগত ১৬-১৯ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ সমিতির সম্মানিত চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস রোজারিও, ডিরেক্টর মিঃ তপন রোজারিও ও ডিরেক্টর মিঃ বিপ্লব পিউরীফিকেশন সহ তিনজন মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর পক্ষে কাল্ব ফোরামে প্রতিনিধিত্ব করেন এবং ১৯ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ সমিতির চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস রোজারিও কাল্ব এর ২০১৪-১৫ আর্থিক বছর এর বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করেন এবং অর্থ বছর ২০১৪-১৫ এর অগ্রগতি ও প্রবৃদ্ধি মূল্যায়নে মঠবাড়ী ক্রেডিট কাল্ব স্বীকৃত পদক ২০১৫ মনোনিত হন।

### এশিয়ান ক্রেডিট ইউনিয়ন ফোরাম ২০১৬ এ অংশগ্রহণ :

বিগত ০৭-১১ সেপ্টেম্বর, পাঁচ দিনের জন্য এশিয়ান ক্রেডিট ইউনিয়ন ফোরাম (কোরিয়া) ২০১৬ সমিতির পক্ষে প্রতিনিধিত্ব করেন সমিতির সম্মানিত চেয়ারম্যান মি. শ্যামল জেমস রোজারিও।

### মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর আয়োজনে ট্রেনিং অংশগ্রহণ :

১৩/০৮/২০১৬ তারিখে মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ আয়োজিত ট্রেনিং প্রোগ্রামে সিনিয়র অফিসার (এডমিন) মি. অসিত গমেজ, লোণ অফিসার মিসেস রোজী রোজলীন রোজারিও, জুনিয়র অফিসার (একাউন্টস) মিসেস শিশিলিয়া কস্তা, জুনিয়র অফিসার (লোণ) মিসেস লতা ইমেলা রোজারিও ও জুনিয়র অফিসার (কালেক্টর) মিস বুমুর গমেজ অংশগ্রহণ করে। টাকা ক্রেডিট রিসোর্টে অনুষ্ঠিত এই ট্রেনিং এর বিষয় ছিল “উন্নত গ্রাহক সেবা, ও কর্মী ব্যবস্থাপনা”।

### যুব কার্যক্রমে সহযোগিতা প্রদান :

মঠবাড়ী ধর্মপল্লীর যুবকদের অগ্রগতির লক্ষে আমাদের সমিতি কাজ করে যাচ্ছে। মঠবাড়ী ধর্মপল্লীর কেন্দ্রীয় যুব সমিতি, ছাত্র সংগঠন সহ সকল গ্রাম সমিতির যুব কার্যক্রমে সমিতি আর্থিক ভাবে ও অন্যান্য ভাবে সহযোগিতা করে যাচ্ছে।

### মঠবাড়ী ধর্মপল্লীর পালকীয় কার্যে সহযোগিতা প্রদান:

মঠবাড়ী ধর্মপল্লীর বিভিন্ন পালকীয় কাজে, পর্ব উদ্‌যাপন ও অন্যান্য কাজে সমিতি আর্থিকভাবে সহযোগিতা দিয়ে আসছে। মঠবাড়ী পালকীয় পরিষদে সমিতির একজন প্রতিনিধি রয়েছে।

**পরিচালক মন্ডলীর সভা :**

১ জুলাই ২০১৫ হতে ৩০শে জুন ২০১৬ খ্রিস্টাব্দ পর্যন্ত পরিচালনা পরিষদ মোট ৫০ টি সভায় মিলিত হয়। এর মধ্যে নিয়মিত মাসিক বোর্ড সভা ১২ টি, বিশেষ সভা ২২ টি, যৌথ সভা ১৬ টি।

**অফিস সময় সূচী :**

সপ্তাহে ছয়দিন বৃহস্পতিবার হতে মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত অফিস খোলা থাকে। অফিস চলাকালীন সকাল ৯:০০ ঘটিকা থেকে ১:৩০ ঘটিকা পর্যন্ত লেনদেন করার সুযোগ রয়েছে। উক্ত সময়ে শেয়ার, ঋণ ও সঞ্চয়ী হিসাবের টাকা গ্রহণ করা হয় ও সঞ্চয়ী হিসাব হতে টাকা উত্তোলন করা যায়। বুধবার সাপ্তাহিক ছুটির দিন।

**খেলাপী ঋণ আদায়করণ :** বর্তমান বোর্ড ১৫,৫৬,৩৫,০৫৩.০০ টাকা ৪৭৪ জন ঋণ খেলাপী নিয়ে দায়িত্ব গ্রহণ করেছিল, বর্তমানে ১৪,৭৪,৪৫,৯৩১.০০ টাকা ৪৫০ জন ঋণ খেলাপী অবস্থায় আছে।

**নিজস্ব অফিস বিল্ডিং নির্মাণ :**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড দীর্ঘ দিন যাবৎ নতুন ভবনের স্বপ্ন দেখে যাচ্ছিল, বিগত ৪১তম বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক বর্তমান কার্যকরী পরিষদ সেই স্বপ্নকে বাস্তবায়ন করতে যাচ্ছে। সম্মানিত চেয়ারম্যান মি.শ্যামল জেমস্ রোজারিও এর সভাপতিত্বে বিগত ১০/০৫/২০১৬ ইং তারিখ, রোজ মঙ্গলবার বিশেষ সভা অনুষ্ঠিত হয় এবং ৯ সদস্য বিশিষ্ট একটি বিল্ডিং নির্মাণ উপ-কমিটি গঠন করা হয়েছে। বিল্ডিং এর নির্দিষ্ট নকশা অনুমোদনের পর টেন্ডারের মাধ্যমে ১২ জুন ২০১৬ তারিখে গমেজ কনস্ট্রাকশনকে বিল্ডিংএর কাজের কার্যাদেশ দেওয়া হয়। অফিস বিল্ডিংয়ের এরিয়া প্রতি ফ্লোর ৪৮০০ বর্গফুট। মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর অফিস বিল্ডিং কমপ্লিট হবে তিন তলা এবং ফাউন্ডেশন দেওয়া আছে ছয় তলার ভবিষ্যতে বাড়ানো যাবে।

**আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন :**

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে “অধিকার, মর্যাদায় নারী-পুরুষ সমান সমান” এই মূলসুরকে সামনে রেখে বিগত ১১/০৩/২০১৫ তারিখ মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করা হয়েছে। উপস্থিত সদস্যদের নিয়ে একটি র্যালির মাধ্যমে মঠবাড়ী মোড় হয়ে দক্ষিণ মঠবাড়ী ঘুরে পালকীয় সেবা কেন্দ্রে মূল অনুষ্ঠান শুরু হয়। ২৭০ জন নারী এই দিবসে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে নারী অধিকার বিষয়ে মূল বক্তা ছিলেন মিসেস মেরী মার্গারেট রোজারিও, হেলথ কো-অর্ডিনেটর YWCA বাংলাদেশ। মহিলা বিষয়ক উপ-কমিটির আহবায়ক মিসেস পুষ্প ক্রুশ সবাইকে ধন্যবাদ দেন অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য। বিভিন্ন গ্রামের কয়েকজন নারী তাদের বাস্তব অভিজ্ঞতার কথা সহভাগিতা করেন। লটারী ড্র ও দুপুরের আহ্বারের মধ্য দিয়ে অনুষ্ঠান সমাপ্তি হয়।

**ফ্রি মেডিক্যাল ক্যাম্প - ২০১৬**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর নিজস্ব আয়োজনে এবং এসোসিয়েশন অব বাংলাদেশ ক্যাথলিক ডক্টরস্ এদের সহযোগিতায় বিগত ০৭/১০/২০১৬ তারিখে ধর্মপল্লীর পালকীয় সেবা কেন্দ্রে সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত দিনব্যাপী “ফ্রি মেডিকেল ক্যাম্প ২০১৬” সম্পন্ন হয়েছে। সকাল ৯.০০ ঘটিকা থেকে রেজিস্ট্রেশন শুরু হয় এবং সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে ৭জন বিশেষজ্ঞ ডাক্তারগণ রোগী দেখেন এবং ধর্ম বর্ণ নির্বিশেষে প্রায় ২৫০ জন রোগীকে বিনামূল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করেন।

**ড্রাফট কার্যক্রম :**

আমাদের ধর্মপল্লীর যে সমস্ত সদস্যগণ দেশের বাইরে চাকুরী করেন তাদের উপার্জিত অর্থ অধিক সহজতর এবং নিরাপদ ভাবে সদস্যদের পরিবারে পৌঁছে দেবার লক্ষে সমিতির এই ড্রাফট কার্যক্রম। আমাদের সমিতির ব্যাংক হিসাব একাউন্ট টাইটেল “মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ” “MATHBARI CHRISTIAN CO-OPERATIVE CREDIT UNION LTD.” ব্রাঞ্চ ব্যাংক লিঃ এস. টি. ডি. হিসাব নং ১৫০১১০০১৩২৩২৮০০১, ডাচ্ বাংলা ব্যাংক লিঃ এস.টি.ডি হিসাব নং ২১৫১২০০০০০০২৪, ট্রাষ্ট ব্যাংক লিঃ এস.টি.ডি হিসাব নং ৫০০২০৩২০০০০০২৮, এন.আর.বি. গ্লোবাল ব্যাংক লিঃ এস.টি.ডি হিসাব নং ০১১৩০০০০০১৫৮

**সেন্ট ভিনসেন্ট ডি' পল সোসাইটিকে সহযোগিতা প্রদান :**

মঠবাড়ী ধর্মপল্লীর দরিদ্র, অসুস্থ, অসহায় মানুষদের পাশে সেন্ট ভিনসেন্ট ডি' পল সোসাইটির সদস্যগণ বিভিন্ন সাহায্য সহযোগিতা করে থাকেন। সেন্ট ভিনসেন্ট ডি' পল সোসাইটিকে সমিতি আর্থিক ভাবে সহযোগিতা দিয়ে আসছে।

**চিকিৎসার জন্য অনুদানঃ**

২০১৫-১৬ অর্থ বছরে মঠবাড়ী মিশনের দরিদ্র ব্যক্তিদের চিকিৎসা সেবা প্রদানের জন্য সর্বমোট ৮৬০০০.০০ টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

**মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর প্রথম ত্রিবার্ষিক কৌশলগত কর্ম পরিকল্পনা কর্মশালায় অংশগ্রহণ :**

বিগত ২৭-২৯ অক্টোবর ২০১৬ তারিখে মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর প্রথম ত্রিবার্ষিক কৌশলগত কর্ম পরিকল্পনা কর্মশালায় সমিতির ভাইস-চেয়ারম্যান মি. রতন রোনাল্ড রিবের, সেক্রেটারী মি. জেমস ডি রোজারিও, ট্রেজারার মি. ফিলিপ প্রফুল্ল রোজারিও, সিনিয়র অফিসার (এডমিন) মি. অসিত ফ্রান্সিস গমেজ, সিনিয়র অফিসার (একাউন্টস) মি. বিপ্লব পেরেরা ও সিনিয়র অফিসার (শিক্ষনবীশ) মি. রকি গমেজ সহ মোট ৬ জন অংশগ্রহণ করেন।

**জেলা পর্যায়ে শ্রেষ্ঠ সমবায়ীর পুরস্কার প্রাপ্তি:**

২০১৫-১৬ অর্থবছরে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ সমবায়ীর সন্মান অর্জন করেছেন সমিতির বর্তমান চেয়ারম্যান মি. শ্যামল জেমস রোজারিও। গত ৫ নভেম্বর গাজীপুর জেলা সমবায় অফিস আনুষ্ঠানিক ভাবে এই পুরস্কার হস্তান্তর করে। সমিতির কাজে চেয়ারম্যান দেশে না থাকায় চেয়ারম্যানের পক্ষে ডিরেক্টর মি. বিপ্লব সন্মাননা স্বরক এই পুরস্কার গ্রহণ করেন।

**ঋণ কার্যক্রমঃ**

ক্রেডিটের সদস্য-সদস্যদের মাঝে ভবিষ্যতের কর্মসংস্থান অথবা উৎপাদনমূলক কাজে ঋণ প্রদান করে উৎসাহ প্রদান করা হয়। এ ছাড়াও সদস্যদের আর্থসামাজিক উন্নয়ন যেমনঃ গৃহনির্মাণ/ মেরামত, বিবাহ, বিদেশ গমন, পড়াশুনা, ঋণ পরিশোধ, আসবাবপত্র/ গরু/ ছাগল/ জমি/ বাগান ক্রয় ইত্যাদি উদ্দেশ্যে ক্রেডিটের সদস্যদের মধ্যে ৩৬/৬০/৯৬/১২০ মাসিক সম-কিস্তিতে পারিশোধযোগ্য ঋণ প্রদান করা হয়।

নিম্নলিখিত নীতিমালা অনুযায়ী ঋণ সমূহ প্রদান করা হয়ঃ

**সাধারণ ঋণ নীতিমালাঃ**

০১। সদস্যপদ লাভের ন্যূনতম ছয়মাস পূর্ণ হওয়ার পর কোন সদস্য ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

০২। ক্রেডিটের কার্য এলাকার মধ্যে স্থায়ীভাবে বসবাসরত সদস্যগণ প্রয়োজনীয় সঠিক তথ্য ক্রেডিটে উপস্থাপন করে ঋণের আবেদন করতে পারবেন।

**০৩। ঋণের ধাপসমূহঃ**

১ম ঋণঃ ৬ মাস পূর্বের শেয়ার ২,০০০/-টাকার ১০গুণ হিসাবে সর্বোচ্চ ২০,০০০/- টাকা পর্যন্ত

২য় ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ৫,০০০/- টাকার ১০গুণ হিসাবে সর্বোচ্চ ৫০,০০০/- (পূর্ববর্তী ধাপে ২০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

৩য় ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ১২,৫০০/- টাকার ৮ গুণ হিসাবে সর্বোচ্চ ১,০০,০০০/- (পূর্ববর্তী ধাপে ৪০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

৪র্থ ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ৩১,৫০০/- টাকার ৮ গুণ হিসাবে সর্বোচ্চ ২,৫০,০০০/- (পূর্ববর্তী ধাপে ১,০০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

৫ম ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ৫০,০০০/- টাকার ৮ গুণ হিসাবে সর্বোচ্চ ৪,০০,০০০/- (পূর্ববর্তী ধাপে ১,৬০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

৬ষ্ঠ ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ৮৫,৭১৫/- টাকার ৭ গুণ হিসাবে সর্বোচ্চ ৬,০০,০০০/- (পূর্ববর্তী ধাপে ২,৪০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ



বরাবর ড্রাফট পাঠালে সমিতি তা ব্যাংক হতে সংগ্রহ করে নির্দিষ্ট ফি'র বিনিময়ে সদস্য/সদস্যদের সেভিংস হিসাবের মাধ্যমে বিতরণের ব্যবস্থা করে থাকে।

### সদস্য স্বাস্থ্য সেবা প্রকল্পঃ

সমিতির সদস্যদের অল্প মূল্যে স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে বিগত ২৪ অক্টোবর ২০০৮ তারিখ হতে সমিতিতে সদস্য স্বাস্থ্য সেবা প্রকল্প চালু রয়েছে। প্রতি শুক্রবার অথবা শনিবার পূর্ব নির্ধারিত সিডিউল অনুযায়ী সকাল ৯:০০ থেকে দুপুর ২:০০ পর্যন্ত ২০/- টাকা ফি প্রদান সাপেক্ষে সমিতির সদস্যগণ স্বাস্থ্য সেবা গ্রহণ করতে পারেন। এছাড়াও নাম মাত্র মূল্যে রক্তের গ্রুপিং ও ডায়াবেটিক্স পরীক্ষা করা হয়। রক্তের গ্রুপিং পরীক্ষা ফি ৫০/-, ডায়াবেটিক্স পরীক্ষা ফি ২০/-, কোলেস্টরল পরীক্ষা ফি ৫০/- ও ইউরিক এসিড পরীক্ষা ফি ৫০/- উল্লেখ্য উক্ত সেবা সপ্তাহে ডাক্তার থাকাকালীন সময়ে প্রযোজ্য হবে। আমরা বিশ্বাস করি এ সুযোগের মধ্য দিয়ে আরও অধিক স্বাস্থ্য সেবা গ্রহণের দ্বার উন্মুক্ত হবে এবং সুস্থ্য ও সুন্দর থাকার ক্ষেত্রে সহায়ক হবে। এ ব্যাপারে সকল সদস্য/সদস্যর ও সর্বসাধারণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি। এছাড়াও সমিতির সদস্য ব্যাতিত ১০০/- টাকা ফি দিয়ে স্বাস্থ্য সেবা নিতে পারবে।

### মৃত সদস্য-সদস্যদের সৎকার কার্যক্রম :

দীর্ঘদিন ধরেই সমিতি মৃত সদস্য-সদস্যদের সৎকারে সহযোগিতা কার্যক্রম চালিয়ে আসছে। ৪১তম বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক এই সহযোগিতা ৩০০০/- টাকা থেকে উন্নিত করে ৫০০০/-টাকা করা হয়েছে।

### জমি ক্রয় :

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর মাধ্যমে বিভিন্ন গ্রাম থেকে জমি ক্রয় করে সেখানে বিভিন্ন সাইজের প্লট করে সমিতির সদস্যদের কাছে বিক্রি করা হবে এবং প্রয়োজনে সদস্য ছাড়া মিশনের বাহিরের যে কোন খ্রিস্টান সদস্যদের কাছে বিক্রি করার পরিকল্পনা রয়েছে। ইতি মধ্যে মঠবাড়ী মিশন কবরস্থানের পাশে প্রকল্প ৩ এর ৭০ শতাংশ এবং কুঁচিলাবাড়ী প্রকল্প ৪ এর ৯২ শতাংশ জমি ক্রয় করা হয়েছে। ইতিমধ্যে প্রকল্প দুটিতে ডিমারগেশন বাউন্ডারী কাজ চলছে।

### সমিতির নিজস্ব ওয়েবসাইটঃ

বর্তমান পৃথিবীর তথ্য প্রযুক্তির উপর নির্ভরশীল। আর সেই কথা চিন্তা করে সমিতির নিজস্ব ওয়েব সাইট চালু করা হয়েছে। ওয়েবসাইটের মাধ্যমে আপনার যে কোন সময় যে কোন তথ্য ঘরে বসেই পেতে পারেন। আমাদের সকল ফরমগুলো পিডিএফ আকারে ওয়েবসাইটে দেয়ার পরিকল্পনা রয়েছে। ওয়েবসাইট ঠিকানা [www.mcccul.bd.com](http://www.mcccul.bd.com) আরো অন্যান্য সেবা কিভাবে সহজলভ্য করা যায় সে ব্যাপারে কাজ করে যাচ্ছে বর্তমান বোর্ড।

### মেসেজিং সফটওয়্যারঃ

সমিতির তথ্য সেবা দ্রুত পৌঁছে দেয়ার জন্য একটি মেসেজিং সফটওয়্যার চালু করা হচ্ছে। খুবই স্বল্প খরচে এই সফটওয়্যার এর মাধ্যমে সদস্যদের মোবাইলে মুহূর্তে ক্ষুদে বার্তা পৌঁছে দেয়া যাবে।

### কাল্ব প্রতিনিধি :

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড কাল্ব এর সদস্য নং ৬। মঠবাড়ী ক্রেডিটের পক্ষে কাল্ব এ প্রতিনিধিত্ব করছেন সম্মানিত চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস রোজারিও।

### কাক্কো প্রতিনিধি :

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড কাক্কো এর সদস্য নং ৮। মঠবাড়ী ক্রেডিটের পক্ষে কাক্কো এ প্রতিনিধিত্ব করছেন সম্মানিত সেক্রেটারী মি. জেমস ডি' রোজারিও এবং বর্তমানে তিনি কাক্কোর ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করছেন।

### কালেক্টর ও কালেকশন :

মঠবাড়ী ধর্মপল্লীর যে সমস্ত ছাত্র- ছাত্রী কলেজ-বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত তারা সমিতিতে কালেকশন করতে পারবে। পড়াশুনার পাশাপাশি তারা পাটটাইম হিসেবে নির্দিষ্ট সম্মানি ভাতার মাধ্যমে ক্রেডিটের সদস্যদের সেবা প্রদান করতে পারবে।

### ভাসানিয়া সেবা বুথ:

সদস্যদের সুবিধার্থে ও নিরাপত্তার কথা চিন্তা করে ভাসানিয়াতে একটি কালেকশন বুথ চালু করা হয়েছে। ভাসানিয়া খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সহযোগিতায় এবং তাদের অফিস কক্ষে এই বুথ এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই বুথ কার্যক্রম পরিচালনার জন্য একটি নীতিমালা রয়েছে এবং সেই নীতিমালা অনুসারেই এই বুথ কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে প্রতি শুক্রবার ও মাসের শেষ দিন সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত কালেকশন করা হয়।

করতে হবে।

৭ম ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ১,০০,০০০/- টাকার ৭ গুণ হিসাবে সর্বোচ্চ ৭,০০,০০০/- (পূর্ববর্তী ধাপে ২,৮০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

৮ম ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ১,৩৩,৫০০/- টাকার ৬ গুণ হিসাবে সর্বোচ্চ ৮,০০,০০০/- (পূর্ববর্তী ধাপে ৩,২০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

৯ম ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ১,৫০,০০০/- টাকার ৬ গুণ হিসাবে সর্বোচ্চ ৯,০০,০০০/- (পূর্ববর্তী ধাপে ৩,৬০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

১০ম ঋণঃ ৩ মাস পূর্বের শেয়ার ১,৬৬,৭০০/- টাকার ৬ গুণ হিসাবে সর্বোচ্চ ১০,০০,০০০/- (পূর্ববর্তী ধাপে ৪,০০,০০০/- ঋণ অবশ্যই গ্রহণ করতে হবে।

০৪। ঋণ আবেদন ফরমের উল্লিখিত তথ্যাদি প্রয়োজনবোধে অফিসের স্টাফ দ্বারা সরাসরি অনুসন্ধান করা হবে।

০৫। ঋণের উদ্দেশ্য ব্যবসা হলে, ব্যবসা সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্র যেমন, ট্রেড লাইসেন্স, অফিস বা দোকানের নাম ঠিকানা এবং ব্যবসার ধরণ উল্লেখ করতে হবে।

০৬। অন্য কোন সদস্যের ঋণের জন্য জামিন না হয়ে থাকলে নিজস্ব ঋণের ক্ষেত্রে শেয়ারের ৯০% পর্যন্ত ঋণ মঞ্জুর করা যেতে পারে। তবে শর্ত থাকে যে, এই ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত অন্য কোন ঋণের জন্য জামিন হওয়া যাবে না। মেয়াদ উত্তীর্ণ কোন ঋণ, সুদ, জরিমানা ও শেয়ার জরিমানা ঐ সদস্যের শেয়ার থেকে সমন্বয় করা হবে। তবে এ ঋণ সর্বোচ্চ ধাপের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

০৭। আবেদনকৃত ঋণের শতকরা ১০ ভাগ বেশী শেয়ার জামিন প্রদান করতে হবে।

০৮। কোন সদস্য একাধিক মাস ঋণের কিস্তি অনিয়মিত থাকার পর ১ কিস্তি, বকেয়া সুদ, ঋণ জরিমানা ও শেয়ার জরিমানা জমা দিয়ে বই চালু করতে পারবেন কিন্তু নিয়মিত বলে গণ্য হবেন না। একই সাথে ঋণ আবেদনকারীর জামিনদার বা জামিনদারের জামিনদার খেলাপী হলে বকেয়া কিস্তি, সুদ ও জরিমানাসহ বকেয়া কিস্তি পরিশোধ করার পর জামিন হিসাবে গ্রহণ করা যাবে।

০৯। কোন সদস্য তিন বা তদুর্ধ্ব মাস পর্যন্ত শেয়ার অনিয়মিত হলে, ৩মাস নিয়মিত হওয়ার পর ঋণের জন্য আবেদন করতে পারবেন।

১০। ক্রস সিউরিটি (জামিন) গ্রহণ যোগ্য নয়।

১১। প্রতিটি ঋণের ক্ষেত্রে পরিবারের বাইরে কম পক্ষে ২টি জামিন দিতে হবে। তবে ৫০,০০০/- টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে পরিবারের বাইরে ১টি জামিন হলেই চলবে।

১২। কোন সদস্য ঋণ গ্রহণ করার পর প্রথম কিস্তি না দেওয়া পর্যন্ত জামিনদারগণ নিজে ঋণ গ্রহণ করতে এবং অন্যকে জামিন দিতে পারবেন না। এমন কি ঋণ গ্রহীতা নিজেও অন্যকে জামিন দিতে পারবেন না।

১৩। উপার্জনহীন সদস্যের বেলায় পরিবারের অভিভাবক/উপার্জনক্ষম সদস্য কিংবা অবর্তমানে অন্য কোন আত্মীয়-স্বজন যারা ফ্রেডিটের সদস্য তারা অঙ্গীকারনামায় স্বাক্ষর করতে হবে। তবে শর্ত থাকে যে, যিনি অঙ্গীকার করবেন তার আয়ের উৎস দেখাবেন এবং ঐ ব্যক্তির উপর নির্ভরশীল ব্যক্তির বিবরণ দিতে হবে।

১৪। এক জন সদস্য সর্বোচ্চ ১২টি ঋণে জামিন হতে পারবেন। একই মাসে একাধিক ঋণের জামিন হতে পারবেন না। একটি জামিন দেয়ার পর পরবর্তী মাসে কিস্তি দেয়া সাপেক্ষে পরবর্তী ঋণের জামিন হতে পারবেন। তবে নিজ শেয়ার ঋণের কিস্তি এবং প্রদত্ত জামিন গ্রহীতা ঋণের কিস্তি প্রদান নিয়মিত হতে হবে।

১৫। কোন ঋণের গ্রহীতা তিন মাসের বেশী অনিয়মিত হলে পরবর্তী ঋণ পূর্বের ধাপ অনুযায়ী পাবেন।

১৬। কোন সদস্য ফ্রেডিটের কার্য এলাকার/খ্রীষ্ট মন্ডলীর বাইরে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে ঋণ গ্রহণ এবং জামিন প্রদানের অযোগ্য বলে বিবেচিত হবেন এবং তার সদস্য পদ বন্ধ করার ব্যবস্থা নেয়া হবে।

১৭। ফ্রেডিটের নিজস্ব স্থায়ী আমানত ঋণের জামিন হিসাবে প্রদান করা যাবে। তবে তা কোন ভাবেই ১০০% বেশী হতে হবে না। ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত ঐ স্থায়ী আমানত নগদীকরণ করা যাবে না।

১৮। এক লক্ষ পর্যন্ত ৩৬, এক লক্ষ থেকে তিন লক্ষ ৬০, তিন লক্ষ থেকে আট লক্ষ ৯৬, ৮ লক্ষ থেকে ১২০ সম-মাসিক কিস্তিতে পরিশোধ যোগ্য।

১৯। কোন সদস্য ঋণ গ্রহণের ক্ষেত্রে মিথ্যা/চাহিদা মোতাবেক তথ্য প্রদান করতে ব্যর্থ হলে উক্ত ঋণ নামঞ্জুর/বাতিল করা হবে।

২০। দ্বৈত নাগরিকত্ব প্রাপ্ত কোন সদস্যের ক্ষেত্রে স্ব-শরীরে উপস্থিত হয়ে ঋণ গ্রহণ করা বাধ্যতামূলক।

২১। অনুমোদিত ঋণের টাকা সেভিংস একাউন্টে স্থানান্তর করা হয়।